

বর্তমান

পরিষেবা না দিতে পারলে ব্যবস্থা, সরকারি কর্মীদের হুঁশিয়ারি মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: পরিষেবা না দিতে পারলে ব্যবস্থা নেওয়া হবে বলে ফের সরকারি কর্মীদের হুঁশিয়ারি দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এক অনুষ্ঠানে জন পরিষেবা আইন, ২০১৩-র একটি হ্যান্ডবুক প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, মানুষ কোনও কাজের জন্য অফিসে এলে ঘোরাবেন না। অনেকের মানসিকতা হল, আজ আসুন, কাল আসুন বলে ঘোরানো। মনে রাখবেন, আমরা জনগণের কর্মচারী। পরিষেবা দেওয়ার ক্ষেত্রে রাজনীতি করবেন না। মনে সংকীর্ণতা রাখবেন না। কোনও কাজ ফেলে রাখবেন না। কাজকে ভালোবাসতে হবে। জন্ম-মৃত্যু সার্টিফিকেট, তফসিলি জাতি-উপজাতি এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের সার্টিফিকেট দিতে দেরি করবেন না। কাউকে হয়রানি করা যাবে না। পরিষেবার কাজে দেরি করার অভিযোগ এলে তা খতিয়ে দেখে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া হবে। মানুষকে পরিষেবা দেওয়াই আমাদের সরকারের লক্ষ্য।

এদিন ওই অনুষ্ঠানে জন পরিষেবা আইনের সহায়িকা প্রকাশ ছাড়াও আদিবাসীদের বিভিন্ন ক্ষেত্রে সম্মান প্রদান করা হয়। সাঁওতালি ভাষার কবি, গবেষক এবং সাহিত্যিকদের পাশাপাশি লেপচা সম্প্রদায়ের গুণীজনদের সংবর্ধিত করেন মুখ্যমন্ত্রী। আদিবাসী সম্প্রদায়ের ছাত্রীদের সাইকেল বিতরণ, স্বাবলম্বী হওয়ার জন্য এক লক্ষ টাকা করে ঋণ, গীতাঞ্জলি গৃহপ্রকল্পের মাধ্যমে ১ লক্ষ ৬৭ হাজার টাকা দিয়ে বাড়ি তৈরি, কৃতী ছাত্রছাত্রীদের ৫ হাজার টাকা করে পুরস্কার, কয়েকজনকে গাড়ির চাবি এবং বেসরকারি সংস্থায় চাকরির নিয়োগপত্র তুলে দেন মমতা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন অনগ্রসর সম্প্রদায়ের উন্নয়ন বিভাগের মন্ত্রী ডঃ উপেন বিশ্বাস, ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী সাধন পাণ্ডে, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী স্বপন দেবনাথ, পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তরের মন্ত্রী সুকুমার হাঁসদা, মুখ্যসচিব সঞ্জয় মিত্র, রাজ্য পুলিশের ডি জি জি এম পি রেড্ডি প্রমুখ। মুখ্যমন্ত্রী ছাড়া একমাত্র মুখ্যসচিব ভাষণ দেন। এদিনের এই অনুষ্ঠানে জঙ্গলমহল ছাড়া রাজ্যের পিছিয়ে পড়া এলাকা থেকে আদিবাসী মানুষ নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে হাজির হন। আদিবাসীরা নাচ-গানের অনুষ্ঠান করে দেখান।